

বিএন কলেজ ঢাকা
নাবিক আবাসিক এলাকা
ঢাকা সেনানিবাস
ঢাকা-১২০৬
দূরলাগনী: ৮৭৫৪০৪১-৯/২৮৩২
ই-মেইল: bncc_96@yahoo.com

১৮
০৬
ফাল্গুন ১৪২৮
মার্চ ২০২২

বিএনসিডি/১১৩/ছাত্র কল্যাণ/ ৫৩

২০২২ সালে এইচএসসি পরীক্ষার্থীদের নিয়মিত কলেজে উপস্থিত হয়ে ক্লাসে অংশগ্রহণ ও এ বিষয়ে অভিভাবকদের সহযোগিতা প্রসঙ্গে

১। প্রিয় অভিভাবক, আসসালামু আলাইকুম। আপনি জেনে আনন্দিত হবেন যে, বিএন কলেজ ঢাকার শিক্ষার্থী ২০২১ সালে এইচএসসি পরীক্ষায় নিম্নরূপ ফলাফল অর্জন করে :

ক্র/নং	বিভাগ	মোট পরীক্ষা	জিপিএ-৫	পাশের হার
১	বিজ্ঞান	৩৫৫	৩১৪	১০০%
২	মানবিক	১১২	২১	১০০%
৩	ব্যবসায় শিক্ষা	২৫৪	২১	১০০%
মোট:		৭২১	৩৫৬	

২। বিশ্বব্যাপী কোভিড-১৯ পরিস্থিতির কারণে শিক্ষার্থীদের সরাসরি শ্রেণি কার্যক্রম ১৮ মার্চ ২০২০ তারিখ হতে বন্ধ ঘোষণা করা হয়। বিএন কলেজ ঢাকায় বিশেষ ব্যবস্থায় ০১ এপ্রিল ২০২০ তারিখ হতে উক্ত শিক্ষার্থীদের অনলাইন ক্লাস কার্যক্রম শুরু করা হয়। অনলাইনে অনেক চ্যালেঞ্জ মোকাবেলা করে ক্লাস কার্যক্রম চালু রাখা হয়। পরবর্তীতে ১২ সেপ্টেম্বর ২০২১ তারিখে সরকারী সিদ্ধান্ত মোতাবেক সরাসরি ক্লাস কার্যক্রম চালু করা হয়। ২০২১ সালে এইচএসসি পরীক্ষার্থীদের ভাল ফলাফল অর্জনের নিমিত্তে বিএন কলেজ ঢাকা কর্তৃক বিশেষ পদক্ষেপ গ্রহণ করা হয়। অভিভাবক ও শিক্ষার্থীদের সহযোগিতা ও শিক্ষকদের আন্তরিক প্রচেষ্টায় ২০২১ সালের এইচএসসি পরীক্ষায় এ ফলাফল অর্জন।

৩। উক্ত ফলাফলে প্রতিষ্ঠানের সুনাম বৃদ্ধি পায়, একই সাথে শিক্ষার্থী অভিভাবক সকলের একটি ভাল লাগার স্থান তৈরী হয়। উল্লেখ্য ২০২১ সালের শিক্ষার্থীদের সেশন ২০২১ সালের জুন মাস পর্যন্ত হলেও পরীক্ষা অনুষ্ঠিত হয় ডিসেম্বর ২০২১ মাসে। জুলাই'২১ হতে ডিসেম্বর'২১ পর্যন্ত সময়ে শিক্ষার্থীদের নিকট হতে কোন টিউশন ফি ছাড়াই অতিরিক্ত ক্লাস ও পরীক্ষার ব্যবস্থা করা হয়।

৪। মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড ঢাকা কর্তৃক এইচএসসি পরীক্ষার সম্ভাব্য তারিখ ২২ আগস্ট ২০২২ নির্ধারিত হয়েছে। তাই এখন হতেই ভাল ফলাফলের জন্য শিক্ষক, শিক্ষার্থী ও অভিভাবকের সম্মিলিত উদ্যোগ গ্রহণ করতে হবে। নিম্নবর্ণিত ছক মোতাবেক এইচএসসি পরীক্ষা-২০২২ এর একটি রোড ম্যাপ সম্প্রতি শিক্ষা বোর্ড কর্তৃক প্রেরণ করা হয়েছে:

ক্র:নং	বিষয়	বিবরণ
ক	পরীক্ষার ফরমপূরণ শুরু সম্ভাব্য তারিখ (রেজি:ধারী সকল শিক্ষার্থী ঘরে বসে অনলাইনে ফরমপূরণ করবে)	০৮/০৬/২০২২
খ	প্রস্তুতিমূলক পরীক্ষা শুরু সম্ভাব্য তারিখ	১৪/০৭/২০২২
গ	পরীক্ষা শুরুর সম্ভাব্য তারিখ	২২/০৮/২০২২
ঘ	যে সকল বিষয়ে পরীক্ষা অনুষ্ঠিত হবে	বাংলা, ইংরেজি, গ্রুপ ভিত্তিক নৈর্বাচনিক ৩টি বিষয়, ঐচ্ছিক বিষয়-০১টি
ঙ	সাবজেক্ট ম্যাপিং এর মাধ্যমে মূল্যায়ন করা হবে	তথ্য ও যোগাযোগ প্রযুক্তি
চ	সিলেবাস	২০২২ সালের এইচএসসি পরীক্ষার পুনর্বিনিয়মকৃত পাঠ্যসূচি
ছ	পরীক্ষার সময়	০২ ঘন্টা (MCQ নৈর্বাচনিক ২০ মিনিট ও CQ/রচনামূলক ০১ ঘন্টা ৪০ মিনিট)
জ	প্রশ্নের নম্বর বন্টন	ব্যবহারিক সম্বলিত বিষয় (CQ-৩০+ MCQ -১৫)=৪৫ নম্বর ব্যবহারিক ব্যতীত অন্যান্য বিষয় (CQ-৪০+ MCQ -১৫)=৫৫ নম্বর এবং বাংলা ২য় পত্র-৫০নম্বর, ইংরেজি ১ম পত্র-৫০ নম্বর ও ইংরেজি ২য় পত্র-৫০ নম্বর

সীমিত

৫। ২০২১ সালের ফলাফল বজায় রেখে ২০২২ এর ফলাফল আরও উন্নয়নের জন্য আপনাদের স্বক্রিয় সহযোগিতা প্রয়োজন। প্রতিষ্ঠানের সুনাম বৃদ্ধি এবং শিক্ষার্থীদের সাফল্যের বিষয় বিবেচনায় অভিভাবকদের নিম্নরূপ সহযোগিতা প্রয়োজন:

ক। ছাত্র/ছাত্রীদের প্রত্যেকটি বিষয় শ্রেণি কক্ষে যত্ন সহকারে পড়ানো পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। সুতরাং ছাত্র/ছাত্রীদের সিলেবাস পরীক্ষার আগে ভালোভাবে সমাপ্ত করার জন্য তাদেরকে নিয়মিত কলেজে পাঠানোর ব্যবস্থা করণ।

খ। প্রত্যেক বিষয়ে ক্রাসেই সিকিউ ও এমসিকিউ পরীক্ষা নেয়ার পরিকল্পনা গ্রহণ করা হয়েছে, যা ছাত্র/ছাত্রীদের পরীক্ষার প্রস্তুতিতে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে। অতএব, এ বিষয়টি অনুধারনপূর্বক শিক্ষার্থীদের নিয়মিত কলেজে উপস্থিতি ও পরীক্ষার অংশ গ্রহণের ব্যবস্থা করণ।


গ। এখন হতে যে সকল ছাত্র/ছাত্রী কলেজে কমপক্ষে শতকরা ৮৫ ভাগ উপস্থিত থাকবে না এবং নির্বাচনী পরীক্ষায় সকল বিষয় কৃতকার্য হবে না তাদেরকে এইচএসসি পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ থাকবে না এবং সম্ভ্রোধজনক প্রস্তুতি না থাকলে রেজিস্ট্রেশন বাতিলের মতোও কার্যক্রম গ্রহণ করা হতে পারে।

ঘ। এখন হতে ক্রাস শুরু হবে ১১০০ ঘটিকায়। সুতরাং যথাযথ কলেজ ইউনিফর্ম পরিধান করে এবং স্বাস্থ্যবিধি মেনে তারা যেন কলেজে উপস্থিত হয়, সেই বিষয়টি নিশ্চিতকরণ।

ঙ। গাইড শিক্ষকদের সাথে পড়াশোনা ও পরীক্ষার প্রস্তুতির বিষয়ে নিয়মিত যোগাযোগ রক্ষা করণ।

৬। অত্র কলেজ কর্তৃপক্ষ এবং শিক্ষকগণ শিক্ষার্থীদের পরীক্ষার জন্য পূর্ণ প্রস্তুতি গ্রহণে সর্বাত্মক সহায়তার নিমিত্তে সদা প্রস্তুত রয়েছেন।

৭। আপনাদের সদয় অবগতি ও যথাযথ কার্যক্রমের জন্য অনুরোধ করা হলো।



এস এম সালাহউদ্দিন
ক্যাপ্টেন বিএন
অধ্যক্ষ
বিএন কলেজ ঢাকা

বিতরণ:

বহিষ্:

কার্য:

অভিভাবকবৃন্দ

এইচএসসি পরীক্ষার্থী ২০২২

অবগতি:

উপাধ্যক্ষ (শিক্ষা)

উপাধ্যক্ষ (প্রশাসন)

গাইড শিক্ষকগণ